

## প্রেস বিজ্ঞপ্তি

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার মত দক্ষ হতে হবে  
- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

ঢাকা, ১৯/০৫/২০১৫:

পরিবর্তনশীল বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার মত দক্ষ হিসেবে নিজেদেরকে গড়ে তুলতে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আহ্বান জানালেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক।


তিনি আজ ঢাকায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ সমিতির সদস্যদের জিপিএ-৫ প্রাপ্ত সন্তানদের উৎসাহ বৃত্তি প্রদান অনুষ্ঠানে এ কথা বলেন।

ইসমাত আরা সাদেক বলেন, লক্ষ্যমাত্রা নির্ধারণ করায় দেশের উন্নয়নের গতিধারায় পরিবর্তন সূচীত হয়েছে এবং সরকারের প্রতি এদেশের জনগণের উন্নয়ন প্রত্যাশাও বেড়ে গেছে। এই প্রত্যাশা পূরণে জনপ্রশাসনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ সর্বাত্মে থাকবেন বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তিনি বলেন, দেশের প্রায় ১২ লাখ সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের আর্থ-সামাজিক নিরাপত্তা বিধানসহ সার্বিক কল্যাণে বর্তমান সরকার অত্যন্ত আন্তরিক।

এসময় জিপিএ-৫ প্রাপ্ত ৪৩ জন শিক্ষার্থীকে উৎসাহ বৃত্তি, মন্ত্রণালয়ের সহকারী সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত ২০ জন কর্মকর্তা এবং অবসরপ্রাপ্ত ৩০ জন কর্মকর্তা-কর্মচারীকে সংবর্ধনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জনপ্রশাসন সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ মন্ত্রণালয়ের উপধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



মোঃ তোহিদুল ইসলাম  
সিনিয়র তথ্য অফিসার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫